



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।

[www.dol.chittagongdiv.gov.bd](http://www.dol.chittagongdiv.gov.bd)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০২৮.২১.২১৪৭

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: ভিআইপি টাওয়ার শপিং মল দোকান মালিক ও ব্যবসায়ী সমিতি, রেজি: নং চট্ট-২১২২ এর ১৯-০৫-২০২৩ খ্রি. তারিখের নির্বাচনী ফলাফল প্রসঙ্গে।**

সূত্র: ১। সভাপতি ও সাধারণ সম্পাদক হিসেবে স্বাক্ষরিত ২৩-০৫-২০২৩খ্রি. তারিখের পত্র, যাহা অত্র দপ্তরে ২৪-০৫-২০২৩খ্রি. তারিখ পাওয়া যায়।

২। অত্র দপ্তরের পত্র স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০২৮.২১.৫৫৯, তারিখ: ২৬-০৪-২০২১

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভিআইপি টাওয়ার শপিং মল দোকান মালিক ও ব্যবসায়ী সমিতি, রেজি: নং চট্ট-২১২২ এর ১৯-০৫-২০২৩খ্রি. তারিখের নির্বাচনী ফলাফল গত ২৪-০৫-২০২৩খ্রি. তারিখ ১নং সূত্রীয় পত্রের মাধ্যমে এ দপ্তরে পাওয়া যায়। উল্লেখ্য যে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩১৭(৪)(ঘ) অনুযায়ী কার্যকরী কমিটির গোপন ব্যালটে নির্বাচন এ দপ্তরের তত্ত্বাবধানে হওয়ার বিধান রয়েছে এবং একই বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ৭৩৭২/২০১১ ও ৪৩১৬/২০১৪ এর উপর ০৮/৭/২০১৪ খ্রি. তারিখের প্রদত্ত নির্দেশনায় মহামান্য হাইকোর্ট বিভাগ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩১৭(৪)(ঘ) ধারা প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করেছেন। সে অনুযায়ী সাধারণ সভায়/বিশেষ সাধারণ সভায় নির্বাচন কমিশন গঠনসহ নির্বাচনের প্রতিটি ধাপে অর্থাৎ নির্বাচনী তফসিল প্রকাশসহ ভোটার তালিকা চূড়ান্তকরণ, মনোনয়ন পত্র গ্রহণ, জমা প্রদান, বাছাই, প্রত্যাহার, প্রতীক বরাদ্দ, নির্বাচনের দিন উপস্থিত থেকে ভোটগ্রহণ তত্ত্বাবধান এবং নির্বাচন অনুষ্ঠান শেষে ক্ষমতা হস্তান্তর পর্যন্ত এ দপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে সম্পন্ন করতে হবে। কিন্তু মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা এবং বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩১৭(৪)(ঘ) ধারা মোতাবেক নির্বাচন সংক্রান্ত কোন কার্যক্রম এ দপ্তরকে অবগত না করায় ভিআইপি টাওয়ার শপিং মল দোকান মালিক ও ব্যবসায়ী সমিতি, রেজি: নং চট্ট-২১২২ এর গত ১৯-০৫-২০২৩খ্রি. তারিখের নির্বাচনী ফলাফল গ্রহণ বা অনুমোদন সম্ভব নয়।

আরো উল্লেখ্য যে, ভিআইপি টাওয়ার শপিং মল দোকান মালিক ও ব্যবসায়ী সমিতি, রেজি: নং চট্ট-২১২২ এর গত ১২-০৩-২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত কার্যকরী কমিটির নির্বাচন মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা এবং বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩১৭(৪)(ঘ) ধারা মোতাবেক সম্পন্ন না করায় ২নং সূত্রীয় পত্রের মাধ্যমে ইতোপূর্বে দাখিলকৃত ফলাফল গ্রহণ না করে যথাযথ প্রক্রিয়ায় নির্বাচনী কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু উক্ত নির্দেশনা প্রতিপালন না করে নির্বাচনী কার্যক্রম সম্পন্ন করে পুনরায় ফলাফল দাখিল করা হয়েছে, যা বোধগম্য নয়।

এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ৭৩৭২/২০১১ ও ৪৩১৬/২০১৪ এর উপর মহামান্য আদালত কর্তৃক ০৮-৭-২০১৪ খ্রি. তারিখে প্রদত্ত নির্দেশনা এবং বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩১৭(৪)(ঘ) ধারা প্রতিপালন না করায় ভিআইপি টাওয়ার শপিং মল দোকান মালিক ও ব্যবসায়ী সমিতি, রেজি: নং চট্ট-২১২২ এর ১৯-০৫-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাচনী ফলাফল গ্রহণ করা হলো না। মহামান্য হাইকোর্ট এর নির্দেশনা অনুযায়ী

বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ধারা ৩১৭(৪)(ঘ) প্রতিপালনার্থে জরুরী ভিত্তিতে পুনরায় সাধারণ সভা/বিশেষ সাধারণ সভা আহবান পূর্বক এ দপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে নির্বাচন উপ-পরিষদ/ নির্বাচন কমিশন গঠন করে নির্বাচনী প্রক্রিয় গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫-০৬-২০২৩  
সালাহউদ্দীন মাহমুদ  
পরিচালক (চলতি দায়িত্ব)  
০২৩৩৩৩২৩২৫৮  
directorctg1@gmail.com

সভাপতি ও সাধারণ সম্পাদক, ভি.আই.পি, টাওয়ার শপিংমল দোকান মালিক ও ব্যবসায়ী সমিতি, রেজি: নং চট্ট-২১২২, ১২৫, চট্টেশ্বরী রোড, কাজীর দেউরী, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৩৪.০২৮.২১.২১৪৭/১ (৬)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর ;
- ২। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, দামপাড়া, চট্টগ্রাম।;
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম;
- ৪। অফিসার ইনচার্জ, কোতোয়ালী থানা, কোতোয়ালী, চট্টগ্রাম।;
- ৫। জনাব মোঃ রেজোয়ানুল করিম, অফিস সহকারী, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম(দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৬। অফিস কপি, অত্র দপ্তর।



০৫-০৬-২০২৩  
সালাহউদ্দীন মাহমুদ  
পরিচালক (চলতি দায়িত্ব)